

**জ্ঞানমূলক:**

১. সত্যেন্দ্রনাথ দত্তের তিনটি মৌলিক কাব্যগ্রন্থের নাম লিখ।
২. সত্যেন্দ্রনাথ দত্তকে ‘ছন্দের রাজা’ বলা হয় কেন?
৩. কখন ঝর্ণা পোকার ডাক শোনা যায়?
৪. কোন দেশে কূজন নাই?
৫. ঝর্ণা কার পায়ে তাল বাজায়?
৬. ঝর্ণা কখন গান গায়?
৭. কে ঘাড় ঝুঁকিয়ে ঝর্ণাকে ভয় দেখায়?
৮. কালসারের দল কোথায় চরে?
৯. কীসে ডালচিনির রং ধরে?
১০. কী ডালিমের মত ফেটে গিয়েছে?
১১. খল-ঝাঁঝির মখমলে কে মুখ বুলায়?
১২. ঝর্ণার অঙ্গ ঝলমলে কেন?
১৩. ঝর্ণা কাকে পাক হেঁকে তৃষ্ণা মেটাতে বলেছে?
১৪. ঝর্ণা কাকে পাতকুয়ায় যেতে বলেছে?
১৫. ঝর্ণা কার আশায় ধাবিত হয়?

**সৃজনশীল:**

১। বহু বছর আগে সোহেল মোল্লা তাঁর বাড়ির পাশে রাস্তার ধারে একটি নলকূপ স্থাপন করেন। এটি স্থাপনের পর থেকে তাঁর পরিবার ও বংশীয় লোকের পাশাপাশি এলাকার লোকেরাও এটি ব্যবহার করে। নলকূপটি স্থাপনের জন্য সবাই সোহেল মোল্লার প্রশংসা করে। তিনি মনে মনে ভাবেন “যাক, জীবনে একটি মহৎ কাজ আমি করতে পেরেছি।”

- ক) দুপুর-ভোরে ঝর্ণা কার ডাক শুনতে পায়?
- খ) ‘একলা গাই, একলা ধাই’ বলতে কী বোঝায়?
- গ) উদ্দীপকের সোহেল মোল্লার মধ্যে ‘ঝর্ণার গান’ কবিতার যে বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।
- ঘ) উদ্দীপকটি ‘ঝর্ণার গান’ কবিতার সমগ্র ভাব ধারণ করে কী? যৌক্তিক বিশ্লেষণ কর।